



BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৭০০/সিবিএমএস/জারাবো/২০২৫/১৩৫১
ফেব্রুয়ারী ১৬, ২০২৫

অতীব জরুরী

সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় : **Customs Bond Management System (CBMS)** সফটওয়্যার এর ব্যবহার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের **One Stop Service** সেবা গ্রহণের বিষয়টি অবহিতকরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস্ বন্ড কমিশনারেটের কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং দুর্নীতি ও অপব্যবহার রোধ কল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Customs Bond Management System (CBMS) সফটওয়্যার বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। উক্ত সিস্টেমে এখনো যে সকল বন্ডলাইসেন্সধারী প্রতিষ্ঠান Onboard হননি তাদেরকে দ্রুততম সময়ের মধ্যে Onboard হওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। এক্ষেত্রে বন্ডারদের সুবিধার্থে কার্যক্রম পরিচালনা এবং কেন্দ্রীয়ভাবে সহযোগিতা ও তদারকির লক্ষ্যে ১১ ফেব্রুয়ারী ২০২৫ থেকে ২৮ ফেব্রুয়ারী ২০২৫ তারিখ পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের ২০৮ নং কক্ষে **One Stop Solution Centre** চালু করা হয়েছে। এর মাধ্যমে Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে অনবোডিংসহ সিস্টেমে সহগ এন্ট্রি; বন্ড রেজিস্ট্রার, প্রাপ্যতা, ইউপি ইত্যাদি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রমে তাৎক্ষণিক সহযোগিতা/সমাধান প্রদান করা হবে। একইসাথে সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে তা রিভ সিস্টেমের মাধ্যমে দ্রুত সমাধানের উদ্যোগ নেয়া হবে।

এমতাবস্থায় পুনরায় Customs Bond Management System (CBMS) সফটওয়্যারে Onboard হয়ে UP সেবাসহ অন্যান্য সেবা গ্রহণের অনুরোধ জানাচ্ছি। একইসাথে CBMS সফটওয়্যার ব্যবহারের ক্ষেত্রে কোন সমস্যা দেখা দিলে কিংবা জানার থাকলে জাতীয় রাজস্ব বোর্ডের (আগারগাঁও) ২০৮ নং কক্ষের **One Stop Solution Centre** থেকে উক্ত সমস্যার সমাধান নিতে পারবেন।

ধন্যবাদান্তে

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তি : জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রেরিত চিঠির কপি।

Head Office : BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net **Log on :** www.bkmea.com